ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪২৬

করবুক, ২৮ অক্টোবর, ২০২৫

**করবুক মহকুমা হাসপাতালে আলট্রাসনোগ্রাফী পরিষেবার উদ্বোধন**

করবুক মহকুমা হাসপাতাল প্রাঙ্গনে সম্প্রতি এক অনুষ্ঠানের মাধ্যমে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৮.০ এবং করবুক মহকুমা হাসপাতালে আলট্রাসনোগ্রাফী পরিষেবার উদ্বোধন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। উদ্বোধকের ভাষণে বিধায়ক বলেন, রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টার ফলেই করবুক এলাকায় আজ উন্নয়ন হচ্ছে। জনগণ বর্তমানে এলাকায় কলেজ ও সাব ট্রেজারির সুবিধা পেয়েছেন। তিনি বলেন, জনপ্রতিনিধি ও কর্মচারীদের সহযোগিতার ফলেই এলাকায় উন্নয়ন হচ্ছে। তিনি বলেন, শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হলে উন্নয়ন সম্ভব নয়। এলাকায় শান্তি বজায় থাকার ফলেই উন্নয়ন সম্ভব হচ্ছে। তাছাড়া বক্তব্য রাখেন গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক সুভাষ আচার্য, পাওয়ার গ্রীডের সিনিয়র জেনারেল ম্যানেজার পুনেন, গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. কমল রিয়াং, ডি সি এম অনুরাগ দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. ধনমনি ত্রিপুরা। সভাপতিত্ব করেন করবুক ব্লকের বিএসি'র ভাইস চেয়ারম্যান প্রণব ত্রিপুরা। এছাড়া উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, করবুক ব্লকের বিডিও শুভজিৎ পাল, বিদ্যালয় পরিদর্শক দামোদর ত্রিপুরা, সমাজসেবী অসিম ত্রিপুরা, হিরন্ময় ত্রিপুরা, বিশাল দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ ছাত্রছাত্রীদের ও শিশুদের কৃমি নাশক ওষুধ অ্যালবেন্ডাজোল ট্যাবলেট, আয়রন ফলিক অ্যাসিড, সিরাপ ইত্যাদি প্রদান করেন।

*****